

৪৬তম বিসিএস রিয়েল ভাইভা অভিজ্ঞতা

ভাইভা অভিজ্ঞতা #১

Chairman: Shabbir Ahmed Chowdhury Sir

Serial: 01 out of 15

সময়: খেয়াল করার সুযোগ পাই নি। বাইরে এসে জানলাম প্রায় ২০ মিনিট রাখছেন।

ফলাফল: বিসিএস (প্রশাসন)

কলিংবেল বেজে উঠার সঙ্গে সঙ্গে আস্তে করে দরজাটা খুলে অনুমতি নিয়ে বোর্ডে প্রবেশ করলাম। স্বভাবসুলভ ভঙ্গিতে হাসিমুখে সালাম দিলাম এবং চেয়ারম্যান স্যার সালাম গ্রহণ করে বসতে বললেন।

Chairman: কেমন আছেন?

Chairman: পিএসসি তে ভাইভা দিতে এসে কেমন লাগছে?

Chairman: আপনি মিস্টার আবু সাঈদ। পড়াশোনা করেছেন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজে। তো আপনার প্রথম পছন্দ বিসিএস পররাষ্ট্র, দ্বিতীয় পছন্দ এডমিন।

So, tell me the difference between motor and generator.

Chairman: Is there any motor in this room? Then, where?

Chairman: Differentiate between a High Commissioner and an Ambassador.

Chairman: If one is a Commonwealth country and the other is a non-Commonwealth country, is there any chance of having a High Commissioner? Why?

Chairman: So, is it mandatory for both countries to be Commonwealth members to have a High commissioner?

Chairman: What is immunity and privilege?

Chairman: Suppose, a German diplomat enjoys tax-free facilities in Bangladesh, would it be called immunity or privilege? (স্যার, আরও বিস্তারিত বলেছিলেন, আমি জাস্ট মূলকথা লিখলাম)

Chairman: Then, what will be the example of immunity for him?

Chairman: What is persona non grata?

Chairman: If you are posted to Germany and the German government declares you persona non grata, then what will happen? Is there any chance for you to stay there? (এখানেও স্যার বিস্তারিত বলেছিলেন প্রশ্ন করার পূর্বে)

Chairman: Suppose, you have committed a murder in Germany while being posted as a diplomatic person. So, can the German government arrest you? (স্যার, সুন্দর করে একটা থিম রেডি করে প্রশ্নটি করেছিলেন)

Chairman: So, who can take steps against you?

Chairman: What is track-1 and track-2 diplomacy?

Chairman: Do you know One China policy?

Chairman: Is there any country that recognises Taiwan as a state? If so, China breaks off its diplomatic relations with that country.

Ex-01: Mr. Abu Sayed, your first choice is BCS foreign affairs, second choice is BCS administration, third choice is BCS customs and excise. Now, tell me.

Why BCS foreign affairs is your first choice?

Ex-01: Why BCS administration is your second choice?

Ex-01: What's Public Administration?

Ex-01: Define Commerce, business and trade.

Ex-01: How can we solve Rohingya crisis?

Ex-01: How can we solve Palestine problem?

Ex-01: Is Palestine a state? Explain why?

Ex-01: Elements of a state.

Ex-01: How can we attract America to invest in Bangladesh?

Ex-01: What is VAT? Is it direct tax or indirect tax?

Ex-01: Give Example of direct tax?

Ex-01: What is income tax?

Ex-01: Tax free income amount for general person, for women, for disabled person?

Ex-01: Highest income source of Bangladesh government?

Ex-02(ম্যাম): আপনি ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এ পড়াশোনা করেছেন।

আপনার প্রথম পছন্দ পররাষ্ট্র, দ্বিতীয় পছন্দ প্রশাসন। আপনি এখন কোথায় আছেন? কি করেন?

Ex-02: পত্রিকা পড়েন? গতকাল একটা রিপোর্ট প্রকাশ করেছে ঢাকা শহর নিয়ে একটা সংস্থা, সংস্থার নাম কী? ঢাকা শহরের মানুষের মাথাপিছু আয় কত?

এরপর আরেকটা কি সংস্থার কথা বললেন, ক্লিয়ারলি বুঝি নি। স্যারি স্যার বলেছি।

Ex-02: প্রশাসনের পদসোপান বলেন।

Ex-02: এসডিজি কি? বিস্তারিত বলুন। এসডিজি এর পরিকল্পনা কার? বাস্তবায়ন কে করছে?

Ex-02: Decentralization শব্দের সাথে পরিচিত আছেন? Decentralization কী?

Ex-02: বাংলাদেশে Decentralization আছে?

Ex-02: স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর কোনটি?

Ex-02: আপনার এলাকায় তো অনেক জমিদার ছিল। তাদের কয়েক জনের নাম বলুন। তাদের বাড়িগুলো এখনো আছে? সেগুলোর অবস্থা কেমন এখন?

পরবর্তীতে এনওসি নিয়ে আলোচনা করলেন চেয়ারম্যান স্যার।

তারপর চেয়ারম্যান স্যার হাসিমুখে শুভকামনা জানানলেন।

আমি সকল স্যারদের কাছে দোয়া চেয়ে তাদের সুস্থতা কামনা করে সালাম দিয়ে বিদায় নিলাম।

আলহামদুলিল্লাহ, আল্লাহর অশেষ রহমতে প্রত্যাশার চেয়ে অনেক বেশি ভালো ভাইভা

দিয়েছিলাম। আমি এমনিতেই অনেক বেশি হাসিখুশি থাকি। ভাইভার পুরো সময় জুড়ে মুখে হাসি লেগেই ছিল। তেমন কোন ভয় বা নার্ভাসনেস কাজ করে নাই।

ভাইভা অভিজ্ঞতা #২

তারিখ: ০৬-০১-২০২৬

নাম প্রকাশে অনিচ্ছুক

বোর্ড : অধ্যাপক এএসএম গোলাম হাফিজ

সালাম দিয়ে বোর্ডে প্রবেশ করলাম।

✿Chairman: ওয়ালাইকুম সালাম।বসুন।

[পড়াশুনা কোথায় কোথায় করেছি সে-সম্পর্কে জিজ্ঞেস করলো]

আপনার পছন্দক্রমে প্রথমেই 110(Administration). আপনার সাবজেক্টের লব্ধজ্ঞান এখানে কিভাবে কাজে লাগাবেন?

✿Chairman: আপনার সাজেক্টে কি কি পড়ানো হয়?

✿Chairman: জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান কে? স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান কে?

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্বনাম কি ছিলো?

✿Chairman: CSP সম্পর্কে জানেন? ২জন CSP অফিসারের নাম বলুন।

✿Chairman: ICS পূর্ণরূপ বলুন।

✿Chairman: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভাগ কয়টি?বাংলাদেশের মোট কয়টি মন্ত্রণালয় রয়েছে? স্থানীয় সরকার কোন মন্ত্রণালয়ের অধীন?

✿Chairman: পল্লী উন্নয়ন একাডেমি কোথায়?

External -1:

✿ Public Management vs Public Administration. Give an example

✿ সংস্কার কমিশন কয়টি ছিলো? কতগুলো নিয়ে একমত হয়? এগুলো কিভাবে বাস্তবায়ন করা হবে?

গণভোটে কি কি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে? গণভোটে জয়ী না হলে কিভাবে সংস্কার সুপারিশসমূহ বাস্তবায়ন করা হবে?

✿ নির্বাচন ছাড়া কি সরকার গঠন করা সম্ভব?

What is the legitimacy of the Interim Government?

External -2

✿ আপনার নামের অর্থ কি?

✿ আপনার কিছু এক্সট্রাকারিকুলার এক্টিভিটিস বলুন।

✿ কখনো কোনো প্রশাসকের কাজ সচক্ষে দেখার সুযোগ হয়েছে?

কি কি কাজ দেখেছেন?

✿ একজন প্রশাসকের কি কি গুণ থাকা উচিত বলে আপনি মনে করেন?

✿ প্রশাসনের Challenge + Limitations

✿ একজন প্রশাসক জীবনের হুমকী পেলে কি পদক্ষেপ নেবে?

✿ বাংলাদেশের প্রথম নারী প্রশাসক কে ছিলেন?

✿ আপনি কেমন প্রশাসন আশা করেন? প্রশাসক কার কাছে জবাবদিহি করে?

✿ সংবিধানের ১০২ নং অনুচ্ছেদ সম্পর্কে বলুন

✿ Tell us about "Declaration of Independence"

✿ স্বাধীনতা ও সংবিধান প্রণয়নের মাঝে দেশ কোন আইনে চলেছে?

চেয়ারম্যান স্যার কাগজপত্র নিয়ে চলে যেতে বললেন।

ভাইভা অভিজ্ঞতা #৩

৪৬তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

তারিখ: ০৪/০১/২০২৬

বোর্ড নং: ১

বোর্ড চেয়ারম্যান: স্যারের নামটি উহ্য থাক, তবে তিনি একজন রাষ্ট্রদূত ছিলেন।

সিরিয়াল: ১০

পছন্দক্রম: বিসিএস পররাষ্ট্র, প্রশাসন, পুলিশ, কাস্টমস, অডিট, ট্যাক্স।

বেল বাজার পর দরজা খুলে "স্যার, আসতে পারি?"

-Please come in, sit down.

-Assalamualaikum Sir, thank you.

চেয়ারম্যান স্যারঃ Parvez, how are you?

আমিঃ Alhamdulillah fine Sir, you?

চেঃ Are you feeling nervous?

আমিঃ Sir, I was a bit nervous earlier, but now I'm completely fine.

চেঃ From observing the candidates who have just completed their viva, did they appear to be leaving with somber expressions, or did they seem cheerful and smiling?

আমিঃ Sir, they all were cheerful and smiling.

চেঃ The enemy of my enemy is my friend— explain with an example?

আমিঃ Sir, the perfect example of it- Russia is the enemy of USA and at the same time, China is also an enemy of USA. That's why Russia and China are informally friends.

চেঃ What is the reason for the conflict between Cambodia and Thailand?

আমিঃ Sorry Sir.

চেঃ Have you heard Extradition treaty?

আমিঃ Yes Sir.

চেঃ What is it?

আমিঃ An extradition treaty is a formal agreement between two or more countries which allows one country to legally request another country to return a criminal.

চেয়ারম্যান স্যার বৈশ্বিক ইস্যু নিয়ে ইংরেজিতে আরো দুটি প্রশ্ন করেছেন, যা আমি কোনোদিন শুনি নাই। সরাসরি স্যারি বলে দিয়েছিলাম।

এক্সটারনা-১: State three reasons for the deterioration of relations between Bangladesh and India?

আমিঃ Sir, I think I can explain this better in Bangla. May I speak in Bangla?

এক্স-১ঃ Of course, please.

আমিঃ স্যার, বাংলাদেশ এবং ভারতের বর্তমান সম্পর্কের অবনতির কারন হচ্ছে রাজনৈতিক কিছু ইস্যু, যেমনঃ বাংলাদেশের দাবি ভারত বাংলাদেশের পলাতক অপরাধীদের জায়গা দিচ্ছে, কিন্তু ভারত এই দাবী নাকচ করে দিয়েছে। এজন্য বাংলাদেশীদের মনে একটা ভারতবিরোধী মনোভাব তৈরি হয়েছে। এছাড়াও অন্যতম একটি কারন হচ্ছে সীমান্তে হত্যাকাণ্ড। স্যার, অপরদিকে ভারতের দাবী বাংলাদেশে সংখ্যালঘুরা নির্যাতিত হচ্ছে এবং এজন্য ভারতীয়দের মনে একটা এন্টি-বাংলাদেশী সেন্টিমেন্ট গড়ে উঠছে। এই কারনগুলোর কারনেই ভারত-বাংলাদেশের সম্পর্ক অবনতি হচ্ছে।